# বারিধারা ডিওএইচএস পরিষদ
# ঢাকা সেনানিবাস
# ৫ম কার্যনির্বাহী কমিটির সভার কার্যবিবরণী

১।	বারিধারা ডিওএইচএস পরিষদের কার্যনির্বাহী কমিটির ৫ম সভা ১৯ জানুয়ারী ২০২৬ ইং তারিখ সন্ধ্যা ১৮৩০ ঘটিকায় পরিষদের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন পরিষদের প্রেসিডেন্ট কর্নেল এম আব্দুল হাই (অবঃ)। সভায় নিম্নেবর্ণিত সদস্যগন উপস্থিত ছিলেন ঃ

ক।	কর্নেল এম আব্দুল হাই (অবঃ)	- প্রেসিডেন্ট
খ।	ব্রিগেঃ জেনাঃ এম নজীব হাসান, এনডিসি, পিএসসি, জি (অবঃ)	- সিনিঃ ভাইস প্রেসিডেন্ট
গ।	ব্রিগেঃ জেনাঃ শাহ মোঃ মহিউদ্দিন (অঃ)	- সেক্রেটারী
ঘ।	কর্নেল প্রফেসর মোঃ মোশাররফ হোসেন, পিএইচডি (অবঃ)	- জয়েন্ট সেক্রেটারী
ঙ।	গ্রুপ ক্যাপ্টেন এস এম এ খালেদ, এনডিইউ, পিএসসি (অবঃ)	- ট্রেজারার
চ।	লেঃ কর্নেল মোঃ আব্দুর রব (অঃ)	- মেম্বার সিকিউরিটি
ছ।	মেজর জেনাঃ মোঃ আবুল কালাম আজাদ, পিএইচডি, এমএসসি, এমপিএইচ (অবঃ)	- মেম্বার মেডিকেল
জ।	এয়ার কমডোর এসএমজি ইয়াজদানী, পিএসসি, পিএইচডি (অবঃ)	- সদস্য
ঝ।	ক্যাপ্টেন এম ওমর ফারুক (জি), পিএসসি, বিএন (অবঃ)	- সদস্য
ঞ।	ব্রিগেঃ জেনাঃ এম মফিজুর রহমান, পিএসসি, পি ইঞ্জি, সিএমসি (অবঃ)- সদস্য

২।	সভার জন্য প্রয়োজনীয় কোরাম উপস্থিত থাকায়, সভাপতির অনুমতিক্রমে সভা শুরু করা হয়। সভার আলোচ্য সূচি ও সিদ্ধান্ত নিম্নরূপ ঃ

| আলোচ্যসূচি ও সিদ্ধান্ত | কার্যক্রম |
|---|---|
| **আলোচ্যসূচি- ০১ ঃ পবিত্র কোরআন থেকে অনুবাদসহ তেলাওয়াত**<br><br>বারিধারা ডিওএইচএস জামে মসজিদের মুয়াজ্জিন হাফেজ মাওলানা মোঃ আলী উসমান পবিত্র কোরআনের কয়েকটি আয়াত তেলাওয়াত ও তরজমা করেন। তিনি মহান আল্লাহ্‌র নিকট বারিধারা ডিওএইচএস পরিষদ ইসি সদস্যদের সু-স্বাস্থ্য ও সুন্দর জীবন কামনা করেন। তারপর অত্যন্ত বিনয়ের সাথে নিম্নে উল্লেখিত এবং যারা এ যাবৎ কাল পর্যন্ত আমাদের মাঝ থেকে চিরবিদায় নিয়েছেন তাদেরকে স্বরণ করেন এবং সর্বশক্তিমান মহান আল্লাহ তা'য়ালার নিকট সকলের রুহের মাগফেরাত কামনা ও শান্তির জন্য দোয়া করেন।<br><br>• মিসেস সুফিয়া ইসলাম, স্বামী ঃ লেঃ কর্নেল এএইচএম রুহুল ইসলাম, বাড়ী # ৩৪৯, রোড # ০৫, মৃত্যু ঃ ১৩ জানুয়ারি ২০২৬।<br>• মোঃ আব্দুস সালাম মিয়া, বাড়ী # ৫৪১/১, রোড # ১২, মৃত্যু ঃ ১৯ জানুয়ারি ২০২৬ | সেক্রেটারী |

| | |
|---|---|
| **<u>আলোচ্যসূচি- ০২ ঃ প্রেসিডেন্ট এর উদ্বোধনী বক্তব্য ঃ</u>**<br><br>উদ্বোধনী ভাষনে প্রেসিডেন্ট একজিকিউটিভ কমিটির ৫ম সভায় সকল সদস্যগন স্বতঃস্ফুর্তভাবে অংশ গ্রহণ করায় স্বাগত জানিয়ে এবং ধন্যবাদ জ্ঞাপন করে সভার কার্যক্রম শুরু করেন। শুরুতে প্রেসিডেন্ট ২৪ জানুয়ারি ২০২৬ তারিখের বাৎসরিক পিকনিক অনুষ্ঠানটি সুষ্ঠু, উপভোগ্য, আনন্দদায়ক ও কোন ধরণের ত্রুটি ছাড়া সম্পন্ন করার ব্যাপারে সকলের অংশগ্রহন ও সহযোগিতা কামনা করেন। এরপর প্রেসিডেন্ট সেক্রেটারীকে আজকের অধিবেশনের মূল আলোচ্যসূচী পরিচালনা করার জন্য অনুরোধ জানান। | সকল ইসি সদস্যবৃন্দ |
| **<u>আলোচ্যসূচি- ০৩ ঃ নির্বাহী কমিটির ৪র্থ ইসি সভার কার্যবিবরণী অনুমোদন।</u>**<br><br>পরিষদ নির্বাহী কমিটির সেক্রেটারী মহোদয় ৪র্থ ইসি সভার কার্যবিবরণী অনুমোদনের জন্য উপস্থাপন করেন। সেক্রেটারী ৪র্থ সভার আলোচিত বিভিন্ন গুরুত্বপূর্ণ আলোচ্যসূচির উপর আলোকপাত করেন এবং পয়েন্টসমূহের গৃহিত সিদ্ধান্তের অগ্রগতি সম্পর্কে সংক্ষেপে সকলকে অবগত করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নেবর্ণিত পয়েন্টসমূহের ব্যাপারে পুনরায় আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়। পরিশেষে, উক্ত কার্যবিবরণী অনুমোদনের জন্য  ক্যাপ্টেন এম ওমর ফারুক (জি), পিএসসি, বিএন (অবঃ) প্রস্তাব করেন এবং ব্রিগেঃ জেনাঃ এম মফিজুর রহমান, পিএসসি, পি ইঞ্জি, সিএমসি (অবঃ) সমর্থন করেন। ফলে কার্যবিবরনী সভায় অনুমোদিত হলো। | সেক্রেটারী |
| **<u>আলোচ্যসূচি- ০৪ ঃ ইসি কর্তৃক ডিসেম্বর ২০২৫ মাসের আর্থিক খরচের অনুমোদন</u>**<br><br>বারিধারা ডিওএইচএস পরিষদের ডিসেম্বর ২০২৫ মাসের আর্থিক খরচের বিষয়টি ট্রেজারার  গ্রুপ ক্যাপ্টেন এস এম এ খালেদ, এনডিইউ, পিএসসি (অবঃ) কর্তৃক ইসিতে অনুমোদনের জন্য উপস্থাপন করেন এবং তিনি উক্ত মাসের ব্যালেন্সশীট সম্পর্কে সকলকে অবহিত করেন। ডিসেম্বর ২০২৫ আয় ব্যায় এর ব্যাপারে সবাই সন্তুষ্টি প্রকাশ করেন। ডিসেম্বর ২০২৫ মাসের আর্থিক খরচের অনুমোদনের জন্য ব্রিগেঃ জেনাঃ এম মফিজুর রহমান, পিএসসি, পি ইঞ্জি, সিএমসি (অবঃ)  প্রস্তাব করেন এবং  এয়ার কমডোর এসএমজি ইয়াজদানী, পিএসসি, পিএইচডি (অবঃ) সমর্থন করেন। ডিসেম্বর ২০২৫ মাসের আর্থিক খরচ অনুমোদিত হল। | সকল ইসি সদস্যবৃন্দ |
| **<u>আলোচ্যসূচি- ০৫ ঃ ০৭ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে অনুষ্ঠিতব্য বার্ষিক সাধারণ সভা-২০২৫ এর প্রস্তুতি নিয়ে আলোচনা</u>**<br><br>**<u>সিদ্ধান্ত</u> ঃ** প্রেসিডেন্ট বারিধারা ডিওএইচএস পরিষদ বার্ষিক সাধারণ সভা-২০২৫ সুন্দর, মনোজ্ঞ ও সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে দায়িত্ব নির্বাহের নির্দেশনা অনুযায়ী প্রত্যেককে কার্যক্রম গ্রহণের আহবান জানান। সভায় প্লট/ফ্ল্যাট মালিকগন অনেক পয়েন্ট প্রেরণ করেছেন যে ব্যাপারে মতামত তৈরী ও বিগত বছরের সিদ্ধান্তসমূহের অগ্রগতি নিয়ে আলোচনা করা হয়। অডিট রিপোর্টের জন্য অপেক্ষা করা হচ্ছে। অডিট রিপোর্ট পেলে যতদ্রুত সম্ভব একটি পূর্ণাঙ্গ প্রসেডিং তৈরী করা হবে। | সেক্রেটারী ও ট্রেজারার |
| **<u>আলোচ্যসূচি- ০৬ ঃ ২৪ জানুয়ারি ২০২৬ তারিখে অনুষ্ঠিতব্য বার্ষিক পিকনিকের প্রস্তুতি নিয়ে আলোচনা</u>**<br><br>**সিদ্ধান্ত ঃ** ২০ জানুয়ারি ২০২৬ তারিখে পরিষদ কর্মকর্তাদের একটি টিম পিকনিক স্পট পরিদর্শন করবেন। এখন পর্যন্ত সকল পুরস্কার ক্রয় সম্পন্ন হয়েছে। চূড়ান্ত প্রস্তুতি সম্পন্ন হয়েছে। পরিষদ প্রেসিডেন্ট পিকনিক অনুষ্ঠানটি সুষ্ঠু, উপভোগ্য ও আনন্দদায়ক করার লক্ষ্যে সকলের সহযোগিতা কামনা করেন। | পিকনিক আয়োজন কমিটি |
| **<u>আলোচ্যসূচি- ০৭ ঃ বারিধারা ডিওএইচএস পরিষদের 'ইন হাউস সিকিউরিটি গার্ড' প্রশিক্ষণের জন্য ০২ দিনের কর্মসূচির প্রস্তাবের উডর আলোচনা</u>**<br><br>**<u>সিদ্ধান্ত</u> ঃ** বিস্তারিত আলোচনা শেষে অনুমোদন হয়নি। | মেম্বার সিকিঃ |

| | |
|---|---|
| **আলোচ্যসূচি- ০৮ ঃ ক্যাপ্টেন এম ওমর ফারুক (জি), পিএসসি, বিএন (অবঃ) এর পয়েন্টসমূহের উপর আলোচনা** | |
| ক। অপ্রয়োজনীয় স্পীড ব্রেকার সড়ানো। ইহা পরিলক্ষিত হচ্ছে যে বারিধারা ডিওএইচএস এর ভিতর বিভিন্ন রাস্তায় অপ্রয়োজনীয় স্পীড ব্রেকার দেওয়া হয়েছে। ইহাতে যানবাহনের গতি নিরোধ থেকে দূর্ঘটনা বৃদ্ধি ও রোগীদের তথা আরোহীদের যানবাহনের ঝর্কিং এ অসুবিধা হচ্ছে। যেমন রোড নং ৫ এর মধ্যখানে একটি স্পীড ব্রেকার যাত্রীদের খুবই অসুবিধার কারণ হচ্ছে। স্পীড ব্রেকার সাধারনত দুই রাস্তার সংযোগ স্থলে দেওয়া প্রয়োজন। এই প্রেক্ষিতে বিভিন্ন স্পীড ব্রেকারের প্রয়োজনীয়তা দেখে পূর্ণবিন্যাস করা দরকার।<br><br>**সিদ্ধান্ত ঃ** এ ব্যাপারে মেম্বার এ্যাডমিন প্রয়োজনীয় কার্যকরী ব্যবস্থা গ্রহণ করবেন। | মেম্বার এ্যাডমিন |
| খ। মেইন রোডে মার্কিং। বারিধারা গেইট থেকে সিকেএস/অন্যন্যা মার্কেট এবং স্কুল গেইট থেকে স্টাফ রোড বেল ক্রসিং পর্যন্ত, এই দুই প্রধান সড়কের মাঝখানে সাদা ডাবল লাইন মার্কিং করা দরকার। ইহাতে যানবাহনে ওভার টেকিং এর প্রবনতা কমবে। ভবিষ্যতে এই দুই রাস্তার ডিভাইডার বসালে ভাল হবে। সব ধরনের যানগুলি মডারেট স্পীডে চলবে।<br><br>**সিদ্ধান্ত ঃ** এ ব্যাপারে মেম্বার সিকিউরিটি প্রয়োজনীয় কার্যকরী ব্যবস্থা গ্রহণ করবেন। | মেম্বার সিকিঃ |
| গ। ড্রেইন পরিস্কার করা। প্রতি বৎসরই ছোট বড় সব নালা/ড্রেইনে পলি জমে গভীরতা কমে এবং আগাছা হয়ে নব্যতা কমে যায়। এই ড্রেইনগুলি বর্ষার পূর্বেই পরিস্কার করা হরে পানি জমার আশঙ্কা কম হবে। ইহাতে এলাকার দূর্গন্ধও নিরসণ হবে।<br><br>**সিদ্ধান্ত ঃ** এ ব্যাপারে মেম্বার এ্যাডমিন প্রয়োজনীয় কার্যকরী ব্যবস্থা গ্রহণ করবেন। | মেম্বার এ্যাডমিন |
| **আলোচ্যসূচি- ০৯ ঃ Discussion on points raised by Gp Capt S M A Khalid, ndc, psc.**<br><br>1. **Decision on Charging House Rent to the Muazzin and Senior Muazzin :** Cantonment Board charges Tk. 4,000/- per month for the Muazzin quarter which is shared by Muazzin and Senior Muazzin. But when Maulana Mahmudul Hassan Mahdi was charged Tk. 2,000/- he did not pay saying that during his recruitment he was not informed about this.<br><br>**সিদ্ধান্ত ঃ** সিনিয়র মুয়াজ্জিন ও মুয়াজ্জিনের বাসা ভাড়া বাবদ ক্যান্টনমেন্ট বোর্ডের ধার্য্যকৃত ৪,০০০/-টাকা মওকুফ করা হলো। এখন থেকে মসজিদ ফান্ড হতে পরিষদের ব্যবস্থাপনায় ক্যান্টনমেন্ট বোর্ডকে পরিশোধ করা হবে।<br><br>2. **Decision on Payment of Utility Bills by the Muazzin and the Senior Muazzin: Maulana Mahmudul Hassan Mahdi also informed that utility bills of the Imam and Muazzin quarters are usually paid from the Masjid Fund.**<br><br>**সিদ্ধান্ত ঃ** ইমাম কোয়ার্টারের সিনিয়র মুয়াজ্জিন ও মুয়াজ্জিনের বাসার ইউটিলিটি বিল (পানি ও গ্যাস) এখন থেকে মসজিদ ফান্ড হতে পরিশোধ করা হবে এবং বিদ্যুৎ বিল মিটার রিডিং যার যার বিল তিনি পরিশোধ করবেন। | |

| | |
|---|---|
| 3. **<u>Decision on Honorarium of Imam:</u>**<br><br>**<u>সিদ্ধান্ত ঃ</u>** ইমাম নিয়োগ না দেয়া পর্যন্ত সিনিয়র মুয়াজ্জিন হাফেজ মাওলানা মাহমুদ হাসান মাহদী ইমামের দায়িত্ব পালন করবেন। উক্ত ভারপ্রাপ্ত দায়িত্ব পালনকালীন সময়ে প্রতিমাসে বেতনের সাথে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা অতিরিক্ত ভাতা হিসেবে প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। জানুয়ারি ২০২৬ হতে কার্যকর করা হবে।<br><br>**4. <u>Account Software আপডেট করণ</u>**<br><br>**সিদ্ধান্ত ঃ** বিদ্যমান Account Software টি আপডেট করা হয়নি যার ফলে একাউন্ট সংক্রান্ত কোন তথ্য পাওয়া যাচ্ছে না। একাউন্ট সংক্রান্ত সকল তথ্য পাওয়ার জন্য Account Software টি আপডেট করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৭। নির্বাহী কমিটির পরবর্তী সভা আগামী ১৬ ফেব্রুয়ারি ২০২৬ (শনিবার), সন্ধ্যা ১৮৩০ ঘটিকায় অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহীত হয়। | সেক্রেটারী |
| **<u>আলোচ্যসূচি - ১০ ঃ প্রেসিডেন্ট এর সমাপনী বক্তব্য ঃ</u>** সভায় উপস্থিত থাকার জন্য এবং সক্রিয়ভাবে আলোচনায় অংশগ্রহণ করার জন্য প্রেসিডেন্ট নির্বাহী কমিটির সকল সদস্যদেরকে পুনরায় ধন্যবাদ ও শুভ কামনা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন। | |

ব্রিগেঃ জেনাঃ শাহ মোঃ মহিউদ্দিন (অবসরপ্রাপ্ত)
সেক্রেটারী
০৯ ফেব্রুয়ারি ২০২৬

**অনুমোদনক্রমে ঃ-**

কর্নেল এম আব্দুল হাই (অবসরপ্রাপ্ত)
প্রেসিডেন্ট
০৯ ফেব্রুয়ারি ২০২৬

**কার্যক্রম ঃ**

সম্মানিত নির্বাহী কমিটির সদস্যবৃন্দ
হিসাব শাখা
কনভেনশন সেন্টার শাখা